VLL
VIRAT LEASING LIMITED
1, Crooked Lane, 3rd Floor, Room No. 324
Kolkata - 700069
CIN "L65910WB1984PLC098684, Phone : (033) 2262 8782, E-mail : info@vll.co.in, Website : www.vll.co.in
Corp. Off : "Jajodia Towers", 3, Bentinck Street, 4th Floor, Room No. D-8, Kolkata - 700 001, WB

Date: 04.09.2025

To,
The Secretary,
BSE Limited
25th Floor, P J Towers,
Dalal Street, Mumbai – 400 001

Scrip Code – 539167

Sub: Submission of Newspaper Advertisement

Ref: Disclosure under Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015

Dear Sir/Madam,

With reference to above subject, please find enclosed herewith the newspaper clippings regarding 41st Annual General Meeting and also completion of dispatch of Annual Report for the Financial Year 2024-25, Book Closure details and E-voting information in the following newspapers, on 04th September, 2025:

1. Business Standard (National Daily Newspaper) dated 04.09.2025
2. Duronto Varta (Regional Daily Newspaper) dated 04.09.2025

The same will be made available on the Company's website.
Kindly take the same on your record.

Thanking you

Yours faithfully,
For Virat Leasing Limited

Manisha Khandelwal
Digitally signed by Manisha Khandelwal
Date: 2025.09.04 13:01:44 +05'30'

Manisha Khandelwal
Company Secretary & Compliance Officer

Encl: As above

যাত্রীদের অতিরিক্ত ভিড় সামাল দিতে আরও ৭ জোড়া উৎসব স্পেশাল ট্রেন চালাবে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

মালিগাঁও, ৩ সেপ্টেম্বর ঃ যাত্রীদের অতিরিক্ত ভিড় সামাল দিতে, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে আসন্ন উৎসব মরশুমে কয়েকটি গন্তব্যস্থলের জন্য আরও ৭ জোড়া উৎসব স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। এই উৎসব বিশেষ ট্রেনগুলির মধ্যে- ট্রেন নং. ০৮০৪৭ /০৮০৪৮ (শালিমার - রাঙাপাড়া নর্থ - শালিমার) ১৯

সেপ্টেম্বর থেকে ৪ অক্টোবর, ২০২৫ পর্যন্ত উভয়দিক থেকে ৩টি ট্রিপের জন্য চলবে। ট্রেন নং. ০৩০০৫ /০৩০০৬ (হাওড়া - লামডিং - হাওড়া) ২৬ সেপ্টেম্বর থেকে ২৯ নভেম্বর, ২০২৫ পর্যন্ত উভয়দিক থেকে ১০টি ট্রিপের জন্য চলবে। ট্রেন নং. ০৫৭৪২ /০৫৭৪১ (নিউ জলপাইগুড়ি - গোমতি নগর - নিউজলপাইগুড়ি) ২৮ সেপ্টেম্বর থেকে ৩ নভেম্বর, ২০২৫ পর্যন্ত উভয়দিক থেকে ৬টি ট্রিপের জন্য চলবে। ট্রেন নং. ০৩১২৯ /০৩১৩০ (কলকাতা - নিউ জলপাইগুড়ি - কলকাতা) ২৮ সেপ্টেম্বর থেকে ২৪ নভেম্বর, ২০২৫ পর্যন্ত উভয়দিক থেকে ১০ টি ট্রিপের জন্য চলবে। ট্রেন নং. ০৫৭৩৮ /০৫৭৩৭ (নিউ জলপাইগুড়ি - নারকটিয়াগঞ্জ - নিউ জলপাইগুড়ি) ২৮ সেপ্টেম্বর থেকে ১০ নভেম্বর, ২০২৫ পর্যন্ত উভয়দিক থেকে ৭টি ট্রিপের জন্য চলবে। ট্রেন নং. ০৫৭৪০ /০৫৭৩৯ (নিউ জলপাইগুড়ি - পাটনা জং. - নিউ জলপাইগুড়ি) ২০ সেপ্টেম্বর থেকে ৮ নভেম্বর, ২০২৫ পর্যন্ত উভয়দিক থেকে ৮টি ট্রিপের জন্য চলবে। ট্রেন নং. ০৫৭৩৪ /০৫৭৩৩ (কিষানগঞ্জ - অমৃতসর - কিষানগঞ্জ) ২ অক্টোবর থেকে ১৫ নভেম্বর, ২০২৫ পর্যন্ত উভয়দিক থেকে ৭ টি ট্রিপের জন্য চলবে। সেই অনুযায়ী, ট্রেন নং. ০৮০৪৭ (শালিমার - রাঙাপাড়া নর্থ) স্পেশাল প্রত্যেক শুক্রবারে শালিমার থেকে ১৭.৪৫ ঘন্টায় রওনা দিয়ে শনিবার ১৩.৪০ ঘন্টায় রাঙাপাড়া নর্থ পৌঁছাবে। ফের যাত্রায়, ট্রেন নং. ০৮০৪৮ (রাঙাপাড়া নর্থ - শালিমার) স্পেশাল প্রত্যেক শনিবারে রাঙাপাড়া নর্থ থেকে ১৬.৩০ ঘন্টায় রওনা দিয়ে রবিবার ১২.৩০ ঘন্টায় শালিমার পৌঁছাবে। ট্রেন নং. ০৩০০৫ (হাওড়া - লামডিং) স্পেশাল প্রত্যেক শুক্রবারে হাওড়া থেকে ০৭.১৫ ঘন্টায় রওনা দিয়ে শনিবার ০৮.০০ ঘন্টায় লামডিং পৌঁছাবে। ফের যাত্রায়, ট্রেন নং. ০৩০০৬ (লামডিং - হাওড়া) স্পেশাল প্রত্যেক শনিবারে লামডিং থেকে ১১.০০ ঘন্টায় রওনা দিয়ে রবিবার ১২.৩০ ঘন্টায় হাওড়া পৌঁছাবে। ট্রেন নং. ০৫৭৪২ (নিউ জলপাইগুড়ি - গোমতি নগর) স্পেশাল প্রত্যেক রবিবারে নিউ জলপাইগুড়ি থেকে ০৭.০০ ঘন্টায় রওনা দিয়ে সোমবার ০৭.১৫ ঘন্টায় গোমতি নগর পৌঁছাবে। ফের যাত্রায়, ট্রেন নং. ০৫৭৪১ (গোমতি নগর - নিউ জলপাইগুড়ি) স্পেশাল প্রত্যেক সোমবারে গোমতি নগর থেকে ০৯.৪০ ঘন্টায় রওনা দিয়ে মঙ্গলবার ০৯.২৫ ঘন্টায় নিউ জলপাইগুড়ি পৌঁছাবে। ট্রেন নং. ০৩১২৯ (কলকাতা - নিউ জলপাইগুড়ি) স্পেশাল প্রত্যেক রবিবারে কোলকাতা থেকে ২৩.৪০ ঘন্টায় রওনা দিয়ে সোমবার ১০.৪৫ ঘন্টায় নিউ জলপাইগুড়ি পৌঁছাবে। ফের যাত্রায়, ট্রেন নং. ০৩১৩০ (নিউ জলপাইগুড়ি - কলকাতা) স্পেশাল প্রত্যেক সোমবারে নিউ জলপাইগুড়ি থেকে ১২.৪৫ ঘন্টায় রওনা দিয়ে মঙ্গলবার ০০.৪০ ঘন্টায় কলকাতা পৌঁছাবে। ট্রেন নং. ০৫৭৩৮ (নিউ জলপাইগুড়ি- নারকটিয়াগঞ্জ) স্পেশাল প্রত্যেক রবিবারে নিউ জলপাইগুড়ি থেকে ১৪.০৫ ঘন্টায় রওনা দিয়ে সোমবার ০৫.০০ ঘন্টায় নারকটিয়াগঞ্জ পৌঁছাবে। ফের যাত্রায়, ট্রেন নং. ০৫৭৩৭ (নারকটিয়াগঞ্জ - নিউ জলপাইগুড়ি) স্পেশাল প্রত্যেক সোমবারে নারকটিয়াগঞ্জ থেকে ০৭.০০ ঘন্টায় রওনা দিয়ে একইদিনে ২১.৩০ ঘন্টায় নিউ জলপাইগুড়ি পৌঁছাবে। ট্রেন নং. ০৫৭৪০ (নিউ জলপাইগুড়ি - পাটনা জং.) স্পেশাল প্রত্যেক শনিবারে নিউ জলপাইগুড়ি থেকে ০৫.০০ ঘন্টায় রওনা দিয়ে একইদিনে ১৭.৪০ ঘন্টায় পাটনা জং. পৌঁছাবে। ফের যাত্রায়, ট্রেন নং. ০৫৭৩৯ (পাটনা জং. - নিউ জলপাইগুড়ি) স্পেশাল প্রত্যেক রবিবারে পাটনা জং. থেকে ১৯.৩০ ঘন্টায় রওনা দিয়ে রবিবার ০৯.৩০ ঘন্টায় নিউ জলপাইগুড়ি পৌঁছাবে। ট্রেন নং. ০৫৭৩৪ (কিষানগঞ্জ - অমৃতসর) স্পেশাল প্রত্যেক বৃহস্পতিবারে কিষানগঞ্জ থেকে ০৯.১০ ঘন্টায় রওনা দিয়ে শনিবার ০০.১০ ঘন্টায় অমৃতসর পৌঁছাবে। ফের যাত্রায়, ট্রেন নং. ০৫৭৩৩ (অমৃতসর - কিষানগঞ্জ) স্পেশাল প্রত্যেক শনিবারে অমৃতসর থেকে ০৪.২৫ ঘন্টায় রওনা দিয়ে রবিবার ১৭.৩০ ঘন্টায় কিষানগঞ্জ পৌঁছাবে। এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি ওয়েবসাইটে পাওয়া যাবে এবং বিভিন্ন সংবাদপত্র ও সোসিয়াল মিডিয়া প্ল্যাটফর্মেও অধিসূচিত করা হচ্ছে। যাত্রার করার পূর্বে বিশদ বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের অনুরোধ জানানো হচ্ছে।

পদত্যাগ করলেন না মসিউর রহমান, সাগরদিঘি পঞ্চায়েত সমিতির সভাপতির 'খোঁজ' শুরু পুলিশের, 'কড়া' পদক্ষেপের সম্ভবনা

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ৩ সেপ্টেম্বর ঃ সাগরদিঘি পঞ্চায়েত সমিতির সভাপতি মসিউর রহমান দলের রাজ্য নেতৃত্বের নির্দেশ মেনে এখনও নিজের পদ থেকে সরে না দাঁড়ানোই এবার তাঁরই বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে চলেছে তৃণমূল কংগ্রেস। তৃণমূল কংগ্রেসের জঙ্গিপুর সাংগঠনিক জেলা সভাপতি খলিলুর রহমান ইতিমধ্যে সাগরদিঘি পঞ্চায়েত সমিতির সভাপতি মসিউর রহমানকে দু'বার চিঠি লিখে পদ থেকে সরে দাঁড়ানোর নির্দেশ দিয়েছেন। খলিলুর রহমানের চিঠিতে পরিষ্কার উল্লেখ রয়েছে, 'সাগরদিঘি ব্লকের কিছু বিক্ষিপ্ত ঘটনা প্রসঙ্গে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক এবং সাংসদ অভিষেক ব্যানার্জি আপনাকে ইস্তফা দেওয়ার নির্দেশ দিয়েছেন'। যদিও দলের শীর্ষ নেতৃত্বের নির্দেশ অমান্য করে নিজের পদ থেকে সরে না দাঁড়িয়ে মসিউর রহমান এখন কোথায় রয়েছেন তা এখন সাগরদিঘির সাধারণ মানুষের কাছে সব থেকে বড় প্রশ্ন। তবে মসিউর রহমানের ঘনিষ্ঠ কয়েকজন জানিয়েছেন, ' উনি কোনও দুর্নীতি করেননি, তাই পঞ্চায়েত সমিতির সভাপতির পদ থেকে ইস্তফা দেবেন না। বর্তমানে উনি অসুস্থ থাকায় কলকাতার একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।' তৃণমূল কংগ্রেসের জঙ্গিপুর সাংগঠনিক জেলার সহ-সভাপতি বিকাশ নন্দ বলেন, 'দলের হুইপ মেনে মসিউর রহমানের উচিত ছিল এতদিনে নিজের পদ থেকে সরে দাঁড়ানো। ব্যক্তি কখনও দলের থেকে বড় হতে পারে না।' গত ২৬ আগস্ট তৃণমূল কংগ্রেসের জঙ্গিপুর সাংগঠনিক জেলার সমস্ত বিধায়ক এবং সাংগঠনিক জেলার বিভিন্ন পদাধিকারীদের সঙ্গে কলকাতার ক্যামাক স্ট্রিটের অফিসে অভিষেক ব্যানার্জি এবং সুব্রত বক্সীর বৈঠকের সময় মসিউর রহমানের প্রসঙ্গ উঠে আসে। মসিউর রহমানের বিরুদ্ধে সাগরদিঘি ব্লকে ত্রিস্তরীয় পঞ্চায়েতের একাধিক মহিলা তৃণমূল সদস্যার সঙ্গে 'দুর্ব্যবহার' এবং 'কটু' কথা বলার অভিযোগ দলের শীর্ষ নেতৃত্বের কাছে জমা পড়েছিল। মহিলাদের বিরুদ্ধে যে কোনও ধরনের অপরাধের ঘটনায় তৃণমূল কংগ্রেস 'জিরো টলারেন্স' নীতি নিয়ে চলায় অভিষেক ব্যানার্জি ওই বৈঠকের মধ্যেই খলিলুর রহমানকে নির্দেশ দেন মসিউর রহমানকে যেন নির্দিষ্ট সময়ের মধ্যে নিজের পদ ছেড়ে চলে যাওয়ার নির্দেশ দেওয়া হয়। অভিষেক ব্যানার্জির কাছ থেকে নির্দেশ পাওয়ার পর সেদিন রাতেই খলিলুর রহমান, মসিউরকে ফোন করে তাঁর পদ থেকে সরে দাঁড়ানোর জন্য নির্দেশ দিয়েছিলেন। কিন্তু তাতে মসিউর রহমান তাতে কান না দেওয়াই সাংগঠনিক জেলা সভাপতি, পঞ্চায়েত সমিতির সভাপতিকে অভিষেক ব্যানার্জির দেওয়া নির্দেশের কথা উল্লেখ করে নিজের পদ থেকে সরে যাওয়ার জন্য আবারও ফোন করে ও চিঠি লিখে নির্দেশ দেন। কিন্তু কোন এক অজ্ঞাত কারণে দলের শীর্ষ নেতৃত্বের নির্দেশ মানছেন না মসিউর রহমান। পদত্যাগ না করে তিনি নিজের ফোন বন্ধ করে 'পালিয়ে' বেড়াচ্ছেন বলে অভিযোগ উঠেছে। তবে সূত্রের খবর, তৃণমূল দলের শীর্ষ নেতৃত্বের নির্দেশ মেনে মসিউর রহমান নিজের পদ থেকে সরে না দাঁড়ানোই পুলিশ প্রশাসনের তরফ থেকে তাঁর 'খোঁজ' শুরু হয়েছে। জঙ্গিপুর পুলিশ জেলার এক শীর্ষ আধিকারিক জানিয়েছেন, পঞ্চায়েত সমিতির সভাপতির বিরুদ্ধে মহিলাদের সঙ্গে দুর্ব্যবহার করার যে অভিযোগ উঠেছে সেই সংক্রান্ত একটি মামলায় তিনি ইতিমধ্যেই জামিন পেয়েছেন। আদিবাসী সম্প্রদায়ভুক্ত এক মহিলা কর্মাধ্যক্ষের সঙ্গে 'দুর্ব্যবহার ' এবং 'কটু' কথা বলার অভিযোগ সংক্রান্ত মামলার তদন্ত করছেন এক ডিএসপি পদমর্যাদার আধিকারিক। সূত্রের খবর ইতিমধ্যেই সেই মামলায় পুলিশ মসিউরের মোবাইল ফোনের টাওয়ার লোকেশন ধরে তাঁর 'খোঁজ' শুরু করেছে। মসিউর জেলায় ফিরলেই পুলিশের হাতে গ্রেপ্তার হতে পারেন এই আশঙ্কা থেকে তিনি বর্তমানে আত্মগোপন করে জামিনের চেষ্টা করছেন।

গোঘাটে ভাবাদিঘিতে কাজ শুরুর নির্দেশ দিল কোর্ট

বনস্পতি দে, হুগলি, ৩ সেপ্টেম্বর ঃ ভাবাদিঘিতে কাজ শুরুর নির্দেশ দিল কোর্ট। হুগলির ভাবাদিঘিতে রেল ব্রিজের কাজ শুরু করেছিল রেল দফতর। তবে তাতে গ্রামবাসী বাধা দিতেই আটকে যায় কাজ। সেই ঘটনার জল গড়ায় কলকাতা হাইকোর্ট পর্যন্ত। বুধবার প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ নির্দেশ দিয়েছে, আগামী ৫ সেপ্টেম্বর থেকে ভাবাদিঘির ব্রিজের কাজ শুরু করতেই হবে। কাজ নির্বিঘ্নে সম্পন্ন করতে হুগলি জেলা পুলিশ ও প্রশাসনকে সর্বাত্মক সহযোগিতা করার নির্দেশ দেওয়া হয়েছে। হাইকোর্টের নির্দেশ অনুযায়ী, আগামী ১৭ নভেম্বর উভয়পক্ষকে হলফনামা দিয়ে জানাতে হবে কাজ কতদূর এগিয়েছে। আদালত এও স্পষ্ট জানিয়ে দিয়েছে, রেললাইন বন্ধ করা নিয়ে কোনও ধরনের বিক্ষোভ বরদাস্ত করা হবে না। পর্যাপ্ত সংখ্যক পুলিশ মোতায়েন করে যত দ্রুত সম্ভব কাজ শেষ করতে হবে। মূলত, তারকেশ্বর-বিষ্ণুপুর রেল প্রকল্পের ৮২.৪৭ কিলোমিটারের মধ্য মাত্র ৬০০ মিটারের কাজ হচ্ছিল না কিছুতেই। ভাবাদিঘি জটেই আটকে ছিল ওই কাজ। বারবার বাধা আসছিল প্রোজেক্টে। একপ্রস্ত বৈঠকের পর সেই কাজও শুরু হয়। কিন্তু ফের শুরু হয় গণ্ডগোল। গ্রামবাসীদের অভিযোগ, তাঁরা যে দাবি করেছিলেন তা মানেনি রেল। তাই ফের বিক্ষোভ দেখান তাঁরা। মূলত, এলাকার লোকজনের দাবি, জলাশয় বাঁচিয়ে রেখে রেলপথ তৈরি করা হোক। তাঁরা দিঘিটিকে তাঁদের জীবিকা ও পানীয় জলের উৎস হিসেবে মনে করে। তাই দিঘি ভরাট করে রেলপথ নির্মাণের বিরোধিতা করছেন

তাঁরা। তারকেশ্বর -বিষ্ণুপুর রেল প্রকল্প চালু হলে বাঁকুড়া, পুরুলিয়া সঙ্গে হাওড়ার দূরত্ব অনেকটাই কমবে। ইতিমধ্যেই ভাবাদিঘির ৬০০ মিটার বাদ দিয়ে গোঘাট ও কামারপুকুর পর্যন্ত রেললাইন পাতার কাজ সম্পূর্ণ হয়ে গেছে। তারকেশ্বর থেকে গোঘাট পর্যন্ত ট্রেন চলছে ও অন্যদিকে বিষ্ণুপুর থেকে জয়রামবাটি পর্যন্ত রেলের সিআরএস হয়ে গেছে। কামারপুকুর ও জয়রামবাটির মধ্যে রেললাইনের কাজ জোরকদমে চলছে। তৈরি হয়ে গেছে কামারপুকুর রেল স্টেশনও। কাজ আটকে শুধু এই ভবাদিঘিরই।

সংস্কারের অভাবে ভেঙে পড়ল বর্ধমান রাজপরিবারের ঐতিহাসিক মন্দির

সুজিত দত্ত, বর্ধমান, ৩ সেপ্টেম্বর ঃ সাড়ে তিনশো বছরের ইতিহাস এক নিমেষে ধুলোয় মিশে গেল। বর্ধমান রাজপরিবারের রাজা মেহতাব চাঁদের সময়ে নির্মিত ঐতিহাসিক লক্ষ্মীনারায়ণ জিউ মন্দির হুড়মুড়িয়ে ভেঙে পড়ায় স্তম্ভিত জেলা জুড়ে। মঙ্গলবার গভীর রাতে রাজবাটি এলাকায় ঘটে এই ঘটনা। মন্দিরের বিশাল দেওয়াল ভেঙে পড়ায় রাজপরিবারের ঐতিহ্যবাহী স্মৃতি ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে সৌভাগ্যবশত রাতে এই দুর্ঘটনা ঘটায় বড়সড় প্রাণহানি এড়ানো গেছে। বুধবার সকাল থেকেই ভাঙা মন্দির দেখতে ভিড় জমায় এলাকাবাসী ও দর্শনার্থীরা।

আপাতত পর্যটকদের প্রবেশ সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে, কারণ অবশিষ্ট অংশও ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবেই এই ধ্বংস। পুরোহিতদের আক্ষেপ-সামান্য মেরামতির কাজ হলে আজও দাঁড়িয়ে থাকত মন্দিরটা। অনেকেই ভেঙে যাওয়া প্রাচীন গোল ইট সংগ্রহ করে বাড়িতে নিয়ে যাচ্ছেন স্মৃতিচিহ্ন হিসেবে। রাজাদের আমলে দুর্গাপুজো, রথযাত্রা ও ঝুলনযাত্রার কেন্দ্রবিন্দু ছিল এই মন্দির। আজও নিয়মরক্ষার জন্য উৎসব পালিত হয়। নাটমন্দিরের একাংশ ভেঙে পড়ায় এবছর দুর্গাপুজো ও ঐতিহ্যবাহী ডান্ডিয়া উৎসব আয়োজন নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে। অতিরিক্ত বৃষ্টিতেই দেওয়ালে ধস নামে বলে জানিয়েছেন স্থানীয়রা। রাজপরিবারের সদস্যদের কাছে খবর পাঠানো হয়েছে। তারা দ্রুত সংস্কারের উদ্যোগ নেবেন কি না, সেই দিকেই তাকিয়ে বর্ধমানবাসী। প্রজন্মের পর প্রজন্ম ধরে যে মন্দির বর্ধমানের ঐতিহ্যের প্রতীক ছিল, আজ তা কেবল অতীতের স্মৃতি।

মেট্রো পরিষেবা মসৃণভাবে চলছে

কলকাতা, ৩ সেপ্টেম্বর ঃ বুধবার মেট্রো পরিষেবা সুষ্ঠভাবে চলছে। প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের পর কবি সুভাষ স্টেশনে রেক রিভার্সেলেরও উন্নতি হয়েছে। ফলস্বরূপ, পরিষেবাগুলির উন্নতি হয়েছে এবং যাত্রীরা মেট্রো পরিষেবা গ্রহণে খুশি। উপলব্ধ তথ্য অনুসারে, আজ সন্ধ্যা ৬টা পর্যন্ত মেট্রো রেলওয়ের সমস্ত করিডোরে মোট ৫.০৪ লক্ষ যাত্রী ভ্রমণ করেছেন। এর মধ্যে ৩.৭০ লক্ষ যাত্রী ব্লু লাইনে এবং ১.২৪ লক্ষ যাত্রী গ্রিন লাইনে ভ্রমণ করেছেন। বেগুনি এবং হলুদ লাইনে প্রায় ৩৮০০ জন যাত্রী মেট্রো পরিষেবা গ্রহণ করেছেন।

সম্পত্তির লোভে মাকে পিটিয়ে খুন করল ছেলে ও বউমা

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ৩ সেপ্টেম্বর ঃ বাবার মৃত্যুর পর থেকেই মায়ের নামে রয়েছে দশ কাঠা ধানজমি ও দেড় কাঠা জমির উপরে বাড়ি। এই নিয়েই এক বছর ধরে বাড়িতে বিবাদ চলছিল। জানা গিয়েছে, ওই মহিলার ছেলে বহুদিন ধরেই মাকে কখনও ভালোভাবে বুঝিয়ে আবার কখনও মারধর করে ওই সম্পত্তি নিজের নামে লিখিয়ে নেওয়ার চেষ্টা করে। শেষ পর্যন্ত সম্পত্তির জন্য নিজের মাকেই পিটিয়ে খুন করার অভিযোগ উঠল ছেলে ও বউমার বিরুদ্ধে। ছেলে-বউমাকে খুনে সহযোগিতার অভিযোগ উঠেছে ওই বউমার মায়ের বিরুদ্ধেও। বুধবার মুর্শিদাবাদের বড়ঞা থানার কুমারই গ্রামে এই ঘটনা ঘটেছে। পুলিশ জানিয়েছে, মৃত বৃদ্ধার নাম অঞ্জলি মণ্ডল। তাঁর বয়স ছিল ৬৪ বছর। বৃদ্ধার মেয়ে চিন্তা মণ্ডলের অভিযোগ, দীর্ঘদিন ধরে আমার মাকে শারীরিকভাবে অত্যাচার করত আমার দাদা, বউদি এবং বউদির মা। চিন্তা মণ্ডল সরাসরি দাদা এবং বউদির বিরুদ্ধে মাকে খুনের অভিযোগ করেছেন। তিনি বলেন, আমার মাকে তিনজন মিলে খুন করেছে। এই অভিযোগের পরেই এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। গ্রামবাসীদের দাবি, বৃদ্ধার শরীরে একাধিক আঘাতের চিহ্ন ছিল। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় বড়ঞা থানার পুলিশ। মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কান্দি মহকুমা হাসপাতালে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের চূড়ান্ত রিপোর্ট আসার পরই মৃত্যুর সঠিক কারণ জানা যাবে। পুলিশ জানিয়েছে, এই ঘটনায় অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের করে তদন্ত শুরু হয়েছে। সবদিক খতিয়ে দেখছে পুলিশ।

করোনা সময় কালে ভালো কাজের জন্য শিক্ষারত্ন পুরস্কার পাচ্ছেন মগরাহাটের এক শিক্ষক

দুরন্ত বার্তা, জয়নগর, ৩ সেপ্টেম্বর ঃ করোনা সময় কালে স্কুলছুটদের ক্লাসে ফেরানো, বাল্যবিবাহ রোধে ভালো কাজের জন্য শিক্ষারত্ন পাচ্ছেন মগরাহাট স্কুলের প্রধান শিক্ষক আবদুল মতিন মল্লিক। শিক্ষক দিবসের অনুষ্ঠানে তাঁকে এবছর শিক্ষারত্ন পুরস্কারে ভূষিত করবে রাজ্য সরকার। কোভিড সময় কাল। স্কুল বন্ধ। বাড়িতে আর্থিক অনটন। পেটের খিদের কাছে পড়াশোনা বিলাসিতা মনে হয়েছিল ওদের। কেউ করছিল পরিচারিকার কাজ। কারও পরিবার মেয়েদের বিয়ে দেওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন। কোভিডের শিকলের বাঁধন কিছুটা কমতেই ভিন রাজ্যে পাড়ি দেন, ছেলেরা। ছাত্রছাত্রীদের স্কুলছুটের কারণ জানতে পেরেই এগিয়ে আসেন মগরাহাটের মড়াপাই সেন্ট প্যাট্রিকস হাই স্কুলের প্রধান শিক্ষক আবদুল মতিন। শিক্ষক ও কর্মী, স্থানীয় ক্লাব সংগঠন, অভিভাবক, পঞ্চায়েত ও পুলিশ প্রশাসনকে সঙ্গে নিয়ে পাড়ায় পাড়ায় বৈঠক করেন। রুখে দেন অনেক বাল্যবিবাহ। স্কুলছুটদের ফিরিয়ে আনেন বিদ্যালয়ের প্রাঙ্গনে। এবার শিক্ষক দিবসে শিক্ষারত্ন পাচ্ছেন সেই প্রধান শিক্ষক আবদুল মতিন মল্লিক। মগরাহাটের মড়াপাই সেন্ট প্যাট্রিকস হাই স্কুলের প্রধান শিক্ষক আবদুল মতিন। শিক্ষক দিবসের অনুষ্ঠানে তাঁর কাজের স্বীকৃতিস্বরূপ আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে রাজ্য সরকার তাঁকে এবছর

শিক্ষারত্ন পুরস্কারে ভূষিত করবে। করোনা কালে তাঁর স্কুলে ক্রমেই বাড়ছিল ড্রপ আউটের সংখ্যা। নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির প্রায় ১০০ জনেরও বেশি ছাত্রছাত্রী স্কুল ছেড়ে দেয়। পারিবারিক আর্থিক সংকটের কারণে ছাত্ররা গোয়া, দমন, দিউ ও অসমের বিভিন্ন হোটেলে কাজে যোগ দেয়। ছাত্রীরা পরিচারিকার কাজও শুরু করে। এছাড়াও স্কুল থেকে ছাড়িয়ে নিয়ে গিয়ে বেশ কিছু অভিভাবক নাবালিকা ছাত্রীদের বিয়েরও বন্দোবস্ত করেন। এই কথা জানতে পেরে স্কুলছুটদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার জন্য উদ্যোগী হন আবদুল মতিন বাবু। স্কুলের অন্যান্য শিক্ষক ও কর্মী, স্থানীয় ক্লাব সংগঠন, অভিভাবক, পঞ্চায়েত ও পুলিশ প্রশাসনকে সঙ্গে নিয়ে পাড়ায় পাড়ায় বৈঠক করেন। অভিভাবকদের সঙ্গে লাগাতার আলোচনা করে তাঁদের বোঝান উচ্চশিক্ষার গুরুত্ব। প্রধান শিক্ষকের কথায় অভিভাবকরা ছাত্রদের ভিনরাজ্য থেকে ফিরিয়ে এনে ফের বিদ্যালয়ে পাঠান। ছাত্রীদের পরিচারিকার কাজ থেকে বিরত করে ও বাল্যবিবাহ রুখে দিয়ে, স্কুলছুট ছাত্রীদেরও স্কুলে ফিরিয়ে আনেন প্রধান শিক্ষক। এই প্রচেষ্টা ৭০ শতাংশ স্কুলছুট পড়ুয়াকে নতুন করে স্কুলে নিয়ে আসেন। পুরস্কার পাওয়ার বিষয়ে তিনি বলেন, ২৮ তারিখে শিক্ষাদপ্তর থেকে একটি মেইল পান তাঁকে এবছর শিক্ষারত্ন পুরস্কারে ভূষিত করা হবে। পরে দিন ডিআই অফিস থেকেও তাঁকে এবিষয়ে জানানো হয়। আমি স্কুল ছুট ও বাল্যবিবাহ রুখতে সাধারণ মানুষকে সঙ্গে নিয়ে কাজ করেছি। সমাজের জন্য কিছু করতে পেরে ভালোই লেগেছে। আমার কাজের স্বীকৃতিস্বরূপ মুখ্যমন্ত্রীর হাত থেকে পুরস্কার গ্রহণ করব ভেবে খুব ভালো লাগছে। এই পুরস্কার আমার কাজকে আরও এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে।

হাওড়া সদরে সংখ্যালঘু সেলের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হলো

দুরন্ত বার্তা, হাওড়া, ৩ সেপ্টেম্বর ঃ ৬ সেপ্টেম্বর রানী রাসমণি রোডের মঞ্চে রাজ্য সংখ্যালঘু সেলের সভার সমর্থনে বুধবার হাওড়া সদরে

সংখ্যালঘু সেলের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হলো। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে বাংলা ভাষার প্রতি অবমাননা ও এসআইআর এর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে আগামী ৬ই সেপ্টেম্বর কলকাতার রানী রাসমণি রোডের মঞ্চে রাজ্য সংখ্যালঘু সেলের সভা সফল করতে বুধবার বিকেলে হাওড়া জেলা সদর তৃণমূল কংগ্রেস সংখ্যালঘু সেলের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় হাওড়া জেলা সদর সংখ্যালঘু সেলের সভাপতি শেখ গোলাম মোরসালিম (শিমুল) এর নেতৃত্বে। উপস্থিত ছিলেন হাওড়া জেলা সংখ্যালঘু সেলের সহ সভাপতি গুরুচরণ সিং, দক্ষিণ হাওড়া সংখ্যালঘু সেলের সভাপতি ইশাক মল্লিক চন্দন, জগবল্লভপুর ব্লকের সভাপতি শামসুদ্দিন লস্কর, বালি ব্লকের সভাপতি সারফরাজ হোসেন, মধ্য হাওড়া ব্লকের সভাপতি কাইয়ুম আনসারি সহ জেলা ও ব্লক স্তরের নেতৃবৃন্দ।

দুর্নীতির অভিযোগে গ্রেফতার সিপিএম পঞ্চায়েত প্রধান

দুরন্ত বার্তা, নদীয়া, ৩ সেপ্টেম্বর ঃ দুর্নীতির অভিযোগে গ্রেফতার সিপিএম পঞ্চায়েত প্রধান। তেহট্টে থানার কানাইনগর গ্রাম পঞ্চায়েত ঘটনা। পঞ্চায়েত প্রধান টগরি ঘোষকে গ্রেফতার করে তেহট্ট থানার পুলিশ। জানা যাচ্ছে, বিডিওর অভিযোগের ভিত্তিতে গ্রেফতার করা হয়েছে প্রধানকে। পুলিশ সূত্রে জানা গেছে, কানাইনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান টগরী ঘোষের বিরুদ্ধে সজল ধরার প্রকল্পের টাকা তছরুপের অভিযোগ। শুধু তাই নয়, জেনারেটরের টাকা হাতানোর অভিযোগ উঠেছে। এরপর বিডিওর অভিযোগের ভিত্তিতে তাঁকে গ্রেফতার করা হয়। জানা যাচ্ছে, তাঁর বিরুদ্ধে ভুয়ো ভাউচার তৈরি করে বেআইনিভাবে টাকা তোলার অভিযোগ রয়েছে। এর আগেও একাধিক টেন্ডার দুর্নীতিতে অভিযোগে নাম জড়িয়েছিল এই প্রধান টগরী ঘোষের। গতকাল তাঁকে গ্রেফতার করে তেহট্ট থানা পুলিশ। বুধবার তাঁকে আদালতে তোলা হয়। নদীয়ার সম্পাদক মণ্ডলীর সদস্য সুমিত বিশ্বাস বলেন, এটা চক্রান্ত। এর নায়ক তৃণমূল কংগ্রেস ও তার নেতারা। আসলে শাসকদলের চক্রান্তের পরও উনি তো পঞ্চায়েত প্রধান হয়েছিলেন তখন থেকেই বলছিল যাতে দল বদল করে। কিন্তু প্রধান সেটা করেননি। তাই প্রতিহিংসার জন্য এই কাজ করল।

টিআই প্যারেডে দেশরাজকে শনাক্ত করে ফাঁসির দাবি ঈশিতার পরিবারের

দুরন্ত বার্তা, নদীয়া, ৩ সেপ্টেম্বর ঃ কৃষ্ণনগরের ছাত্রী ঈশিতা মল্লিক খুনে টিআইটি প্যারেড হল কৃষ্ণনগর জেল সংশোধনাগারে। সেখানে ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে অভিযুক্তকে শনাক্ত করেন নিহত ছাত্রীর মা কুসুম মল্লিক। উপস্থিত ছিলেন ঈশিতার বাবা দুলাল মল্লিকও। দুপুরের পর সাংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে কুসুমদেবী ও দুলালবাবু অভিযুক্ত দেশরাজ সিংয়ের ফাঁসির শাস্তির দাবি করেছেন। মঙ্গলবার সকালে কৃষ্ণনগর মানিক পাড়ায় ঈশিতা মল্লিককে গুলি করে খুনের ঘটনায় দোষীকে শনাক্তকরণের জন্য কৃষ্ণনগর সংশোধনাগারে টিআই প্যারেড করে পুলিশ। নিয়ে যাওয়া হয় নিহত ছাত্রীর বাবা ও মাকে। সেখানে অভিযুক্ত দেশরাজ সিংকে শনাক্ত করেছেন ছাত্রীর মা। প্রক্রিয়া শেষে বেরিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে ঈশিতার মা কুসুম দেবী বলেন, আমি মেয়ের খুনিকে চিনতে পেরেছি। দেখার পর আমি ভাবলাম একটা নিষ্পাপ মেয়েকে কীভাবে খুন করতে পারল। আমি খুনির কঠিন থেকে কঠিনতম শাস্তি চাইছি। বাবা দুলাল মল্লিক জানান, পুলিশের তদন্তে খুশি হয়েছি। আমরা আশা করছি, আদালতের উপরও পূর্ণ আস্থা রয়েছে। আমি অভিযুক্তর ফাঁসির সাজা চাই। গত ২৫ আগস্ট কৃষ্ণনগরের মানিকপাড়ার বাসিন্দা ঈশিতা মল্লিককে খুন করেন তাঁর প্রেমিক দেশরাজ সিং। তদন্তকারীদের অনুমান, প্রেম প্রত্যাখ্যাত হয়ে এই কাণ্ড ঘটিয়েছে অভিযুক্ত। এই অনুমানের স্বপক্ষে বেশ কিছু তথ্যও পুলিশের হাতে লেগেছে। খুনের কাণ্ড ঘটানোর পর উত্তরপ্রদেশে পালিয়ে যায় অভিযুক্ত দেশরাজ সিং। তার পরিবারের সাহায্যে পালিয়ে বেড়াচ্ছিল দেশরাজ। তবে খুনের এক সপ্তাহ পর সোমবার ভোরে উত্তরপ্রদেশের গোপন ডেরা থেকে অভিযুক্ত দেশরাজকে গ্রেপ্তার করা হয়েছিল। তাকে আশ্রয় দেওয়ার অভিযোগে আগেই গ্রেপ্তার হয়েছে দেশরাজের মামা। একইসঙ্গে ধৃত দেশরাজ সিংয়ের বাবা রঘুবীরপ্রতাপ সিংয়ের বিরুদ্ধেও জারি হয়েছে গ্রেপ্তারি পরোয়ানা। পুলিশের নজরে রয়েছে দেশরাজের মাও। পুলিশ অভিযুক্তকে নিজেদের হেফাজতে নিয়ে সমস্ত তথ্য জানার চেষ্টা করবে।

পোলবায় গ্রেফতার দুই ভুয়ো পুলিশ

দুরন্ত বার্তা, হুগলি, ৩ সেপ্টেম্বর ঃ পোলবায় গ্রেফতার দুই ভুয়ো পুলিশ। উদ্ধার পুলিশের পোশাক ও নকল অস্ত্রের খাপ। পুলিশের পোশাক পরে তৃণমূল নেতাদের ঘনিষ্ঠ পরিচয় দিয়ে তোলাবাজির অভিযোগ। পরবর্তীতে ৫০ লক্ষ টাকা দাবি ব্যবসায়ীর কাছ থেকে। পোলবা থানায় ডিএসপি-ডিএন্ডটি প্রিয়ব্রত বক্সী জানান, পুলিশ সেজে তোলাবাজির অভিযোগে দু'জনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের নাম সৌমদীপ সাঁতরা (২৮), বাড়ি বলাগড়ের কুন্তীঘাটে, প্রতাপ ঘোষ (৩৬), বাড়ি মগরার তালান্ডু মালিপাড়া। ধৃতদের কাছ থেকে উদ্ধার করা হয়েছে পুলিশের পোশাক, পিস্তল রাখার খাপ, দুটি মোবাইল ফোন,কার্তুজের ব্যাগ। মঙ্গলবার রাতে সুগন্ধার একটি কারখানা থেকে অভিযুক্তদের গ্রেফতার করে পোলবা থানার পুলিশ। বুধবার তাদের আদালতে পেশ করে পাঁচ দিনের পুলিশ হেফাজতের আবেদন করা হবে বলে জানিয়েছেন ডিএসপি। পুলিশের প্রাথমিক অনুমান, দীর্ঘদিন ধরেই ভুয়ো পরিচয়ে এই দুই অভিযুক্ত বিভিন্ন এলাকায় প্রতারণা চালাত। তদন্তের মাধ্যমে খতিয়ে দেখা হচ্ছে এর পিছনে আরও কেউ জড়িত আছে কি না। সুগন্ধা দিল্লি রোডের পাশে কারখানা রয়েছে তপন মজুমদারের। গত বৃহস্পতিবার থেকে দফায় দফায় কয়েকবার পুলিশ সেজে গিয়েছিল অভিযুক্তরা। পুলিশের পোশাক পরে কারখানায় ঢুকে কর্মীদেরকে ভয় দেখায়। তারপর ৫০ লক্ষ টাকা দাবি করে। ব্যবসায়ী বলেন, হুগলির সাংসদ রচনা বন্দ্যোপাধ্যায়, সপ্তগ্রামের বিধায়ক তপন দাশগুপ্তর সঙ্গে ছবি দেখিয়ে শাসক দল ঘনিষ্ঠ বলে দাবি করে অভিযুক্তরা। টাকা না দিলে ব্যবসা করতে পারবেন না। এরপরই পোলবা থানা বিষয়টি জানতে পারে।

জখম দুই শ্রমিক

দুরন্ত বার্তা, হাওড়া, ৩ সেপ্টেম্বর ঃ হাওড়ায় বাঁকড়ার নয়াবাজ এলাকায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে জখম দুই শ্রমিক, ভর্তি হাসপাতালে। বুধবার দুপুরে বিদ্যুৎ সংযোগের কাজ করার সময় বিদ্যুস্পৃষ্ট হন তাঁরা। এদিন ঘটনাটি ঘটেছে বাঁকড়ার নয়াবাজ ফকিরপাড়া এলাকায়। এই ঘটনায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। দুই শ্রমিককেই আশঙ্কাজনক অবস্থায় নিয়ে আসা হয় হাওড়া জেলা হাসপাতালে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, আহতেরা হলেন সাহাবুদ্দিন মোল্লা (৬৩) এবং মইদুল খাঁ (৩১)। অ্যাম্বুলেন্স চালক গণেশ গুহ জানান, এদিন দুপুরে বাঁকড়ার ফকিরপাড়া এলাকায় বাথরুম সংস্কারের কাজ করছিলেন শ্রমিকরা। কাজ চলাকালীন কোনও কারণে ২ জন শ্রমিক বিদ্যুৎস্পৃষ্ট হন। জখম হন তাঁরা। তাঁদেরকে হাওড়া জেলা হাসপাতালে নিয়ে আসা হয়। সেখানেই জখম ২ শ্রমিক চিকিৎসাধীন রয়েছেন।

প্রমাণ লোপাট করতে যুবকের দেহ টুকরো করে গঙ্গায় ভাসিয়ে দেওয়ার অভিযোগ দুষ্কৃতীদের বিরুদ্ধে

দুরন্ত বার্তা, হুগলি, ৩ সেপ্টেম্বর ঃ পরিবার নিখোঁজ অভিযোগ দায়ের করতেই ওই বন্ধুকে গ্রেফতার করেছিল পুলিশ। বন্ধুর ডাকে বাড়ি থেকে বেরিয়েছিলেন যুবক। তারপর থেকে আর বাড়ি ফেরেনি। সেই ঘটনায় চাঞ্চল্যকর তথ্য প্রকাশ্যে। জানা যাচ্ছে, অভিযুক্ত প্রথমে শ্বাসরোধ করে খুন করে। তারপর প্রমাণ লোপাটে দেহ চপার দিয়ে টুকরো-টুকরো করে কেটে গঙ্গায় ভাসিয়ে দেয় দুষ্কৃতীরা। গোটা ঘটনায় সিবিআই তদন্ত চাইল পরিবার। ঘটনাটি ঘটেছে হুগলির মগরা থানা এলাকায়। সেখানেই বাঁশবেড়িয়া ঝুলুনিয়া এলাকার বাসিন্দা লক্ষ্মণ (৩৬)। গত ২১ অগস্ট পরিবারের তরফে নিখোঁজ ডায়েরি করা হয় মগরা থানায়। পুলিশ তদন্ত শুরু করে। এলাকায় স্নিফার ডগ এনে তল্লাশি চালানো হয়।পাশাপাশি বিপর্যয় মোকাবিলা দফতরের তরফে গঙ্গাতে তল্লাশি চালানো হয়। ঘটনায় শিবনাথ সাউ ওরফে শিবুকে গ্রেফতার করে পুলিশ। মগরা থানার পুলিশ শিবুকে জিজ্ঞাসাবাদ করে আরও দুইজনকে গ্রেফতার করে। জানা গিয়েছে, পরিবার এবং বন্ধুদের সঙ্গে দিঘায় ঘুরতে গিয়েছিলেন লক্ষ্মণ। সেখান থেকে ফিরে আসার পর শিবু তাঁকে স্থানীয় ক্লাবে ডেকে নিয়ে যান বলে দাবি করে পরিবারের। পুলিশ সূত্রে খবর, প্রথমে গামছা দিয়ে শ্বাসরোধ করে খুন করা হয় লক্ষ্মণকে। খুনের পর প্রমাণ লোপাট করতে দেহ চপার দিয়ে টুকরো টুকরো করে গঙ্গায় ভাসিয়ে দেয় দুষ্কৃতীরা। এই ঘটনার সঙ্গে শিবু যুক্ত আছে বলে প্রাথমিক অনুমান করে পুলিশ। এরপর শিবুকে গ্রেফতার করে জেরা করতেই লক্ষণকে খুনের কথা স্বীকার করে অভিযুক্ত। পুলিশ সূত্রে জানা গিয়েছে, পুরোনো শত্রুতার জেরেই খুন করা হয়েছে তাঁকে। হুগলি গ্রামীণ জেলা পুলিশের ডিএসপি ক্রাইম অভিজিত সিনহা মহাপাত্র জানান, নিখোঁজের একটা অভিযোগ দায়ের হয় মগরা থানায়। আমরা সেই মতো শুরু করি।অভিযোগ দায়ের হওয়ার পর নিখোঁজ যুবককে খুঁজে পেতে সব রকম প্রচেষ্টা চালায় পুলিশ। অভিযুক্তরা স্বীকার করেছে যুবককে তারা খুন করেছে। সেই মতো আমরা ঘটনার পুনর্নির্মাণ করি। খুনে ব্যবহৃত একটি ছুরি এবং গামছা উদ্ধার হয়েছে। এখনো পর্যন্ত দেহ পাওয়া যায়নি। স্নিফার ডগ নিয়ে এসেও আমরা তল্লাশি চালিয়েছি। এলাকার সিসিটিভির ফুটেজ ও খতিয়ে দেখা হযেছে। এলাকার অনেককেই জিজ্ঞাসাবাদ করা হয়েছে। দেহ খুঁজে পাওয়ার জন্য আমরা সব রকম প্রচেষ্টা চালাচ্ছি।

FORM A
PUBLIC ANNOUNCEMENT
(Under Regulation 6 of the Insolvency and Bankruptcy Board of India
(Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016)
FOR THE ATTENTION OF THE CREDITORS OF VASUPUJYA ENTERPRISES PRIVATE LIMITED

RELEVANT PARTICULARS		
1.	Name of corporate debtor	**Vasupujya Enterprises Private Limited**
2.	Date of incorporation of corporate debtor	28/02/1995
3.	Authority under which corporate debtor is incorporated / registered	Ministry of Corporate Affairs, ROC-Kolkata
4.	Corporate Identity No. / Limited Liability Identification No. of corporate debtor	U45209WB1995PTC068731
5.	Address of the registered office and principal office (if any) of corporate debtor	**Registered office address as per the MCA Records:** 35, Chittaranjan Avenue, Kolkata, West Bengal, India, 700012. **Address at which the books of account are to be maintained:** SKP House 132A, Shyama Prasad Mukherjee Road, Kolkata, West Bengal, India, 700026
6.	Insolvency commencement date in respect of corporate debtor	2nd September, 2025
7.	Estimated date of closure of insolvency resolution process	1st March, 2026
8.	Name and registration number of the insolvency professional acting as interim resolution professional	**Name:** Kanchan Dutta **Reg No:** IBBI/IPA-001/IP-P00202/2017-18/10391
9.	Address and e-mail of the interim resolution professional, as registered with the Board	**Address:** Chatterjee International Centre 14th Floor, Flat No. 13A, 33A J. L. Nehru Road, Kolkata 700071 **Email id:** kanchan@kgrs.in
10.	Address and e-mail to be used for correspondence with the interim resolution professional	**Address:** Chatterjee International Centre, 17th Floor, Flat No. 13A, 33A, J. L. Nehru Road, Kolkata 700071 **Email id:** cirp.vepl@gmail.com
11.	Last date for submission of claims	16th September, 2025
12.	Classes of creditors, if any, under clause (b) of sub-section (6A) of section 21, ascertained by the interim resolution professional	Not applicable as per information available with the IRP
13.	Names of Insolvency Professionals identified to act as Authorised Representative of creditors in a class (Three names for each class)	Not applicable as per information available with the IRP
14.	(a) Relevant Forms and (b) Details of authorized representatives are available at:	(a) **Web link:** https://www.ibbi.gov.in/home/downloads **Physical Address :** same as above in point no. 10 (b) Not applicable as per information available with the IRP

Notice is hereby given that the National Company Law Tribunal has ordered the commencement of a corporate insolvency resolution process of the Vasupujya Enterprises Private Limited on **2nd September, 2025.**
The creditors of Vasupujya Enterprises Private Limited are hereby called upon to submit their claims with proof on or before**16th September, 2025** to the interim resolution professional at the address mentioned against entry No. 10.
The financial creditors shall submit their claims with proof by electronic means only. All other creditors may submit the claims with proof in person, by post or by electronic means.
A financial creditor belonging to a class, as listed against the entry No. 12, shall indicate its choice of authorised representative from among the three insolvency professionals listed against entry No.13 to act as authorised representative of the class [specify class] in Form CA- Not applicable as per information available with the IRP.
Submission of false or misleading proofs of claim shall attract penalties.

Sd/-
Kanchan Dutta
Interim Resolution Professional
Vasupujya Enterprises Private Limited
Date and Place: 4th September, 2025, Kolkata **Reg No: IBBI/IPA-001/IP-P00202/2017-18/10391**

HEALTHCARE GLOBAL ENTERPRISES LIMITED
CIN: L15200KA1998PLC023489
Regd Off: HCG Towers, # 8, P Kalinga Rao Road, Sampangi Ram Nagar, Bengaluru – 560027, Karnataka, India
Corporate Off: Tower Block, Unity Building Complex, No.3, Mission Road, Bengaluru - 560027, Karnataka, India
Phone: +91 – 80 – 4660 7700, **Email:** investors@hcgel.com; **Website:** www.hcgoncology.com

HCG adding life to years

NOTICE OF THE 27th ANNUAL GENERAL MEETING, REMOTE E-VOTING FACILITY AND CUT OFF DATE

Notice is hereby given that the 27th Annual General Meeting ("**AGM**") of shareholders of HealthCare Global Enterprises Limited ("HCG"/ "THE COMPANY") will be held on Thursday, September 25, 2025, at 5.00 pm through Video Conferencing ("VC")/Other Audio Visual Means ("OAVM"), to transact the business that as set forth in the 27th AGM Notice in compliance with applicable provisions of the Companies Act, 2013 ('the Act') and the rules made thereunder, read with General Circular Nos. 14/2020 dated April 08, 2020, 17/2020 dated April 13, 2020, 20/2020 dated May 05, 2020 and subsequent circulars issued in this regard, the latest being 9/2024 dated September 19, 2024, issued by the Ministry of Corporate Affairs, Government of India ("MCA Circulars") and Circulars dated May 12, 2020, January 15, 2021, May 13, 2022, January 05, 2023, October 07, 2023 and Circular No. SEBI/HO/CFD/-Pd-2/P/CIR/2024/133 dated October 03, 2024, issued by Securities and Exchange Board of India ("SEBI Circulars") (collectively referred to 'Circulars').

Electronic copies of the Notice of the AGM, the procedure and instructions for e-voting and Integrated Annual Report for FY 2024-25 have been sent on September 03, 2025, to all shareholders whose email addresses are registered with the Company/Registrar and Share Transfer Agent ("RTA") i.e., KFin Technologies Limited/Depository Participants ("DP") as on August 29, 2025.

Notice of the AGM and the Integrated Annual Report for FY 2024-25 are also made available on the website of the Company at https://www.hcgoncology.com/investor-relations and websites of the stock exchanges i.e., BSE Limited and National Stock Exchange of India Limited at www.bseindia.com and www.nseindia.com, respectively and on the website of the RTA at https://evoting.kfintech.com. A letter providing the web-link for accessing the Integrated Annual Report, including the exact path, is sent to those members who have not registered their email address with the Company/Depositories.

The Company is providing the facility to its members to exercise their right to vote on the business as set forth in the Notice of the AGM by electronic means through both remote e-voting and e-voting at the AGM.

All Members may please note that:

1. Members will be able to attend the AGM through VC/OAVM or view the live webcast at https://emeetings.kfintech.com by using their e-voting login credentials.
2. The instructions for participating through VC and the process for e-voting, including the manner in which members holding shares in physical form or who have not registered their e-mail addresses can cast their vote through e-voting are provided as part of the Notice of the AGM.
3. Members whose names are recorded in the register of members/ beneficial owners maintained by the Depository as on the cut-off date of Friday, September 19, 2025, shall only be entitled to vote using the remote e-voting facility or at the AGM, as the case may be;
4. Any person, who acquires shares of the Company and becomes a member of the Company after the dispatch of the Notice of the AGM and holds shares as on the cut-off date, September 19, 2025, may obtain the login ID and password by sending a request at einward.ris@kfintech.com. However, if a person is already registered with KFin Technologies Limited, then the existing user ID and password can be used for e-voting;
5. The remote e-voting shall remain open for a period of 3 days commencing from September 22, 2025, 9.00 a.m. IST to September 24, 2025, 5.00 p.m. IST (both days inclusive). The remote e-voting module will be disabled by KFin Technologies Limited after the aforesaid date and time.
6. Once the vote on the resolution is cast by a member, the member shall not be allowed to change it subsequently;
7. The members who have cast their vote by remote e-voting prior to the AGM may attend the AGM through VC/OAVM but shall not be entitled to cast their vote again;
8. Only those Members/shareholders, who will be present in the AGM through VC/OAVM facility and have not cast their vote on the Resolutions through remote e-Voting, shall be eligible to vote through e-Voting system in the AGM.
9. Members who have not registered their email ID with the depository participants, are requested to register their email ID with their depository participants in respect of shares held in electronic form and in respect of shares held in physical form, members may register their email id by writing to the Company's Registrar and Share Transfer Agent, KFin Technologies Limited, Selenium Building, Tower-B, Plot No 31 & 32, Financial District, Nanakramguda, Serilingampally, Hyderabad, Rangareddy, Telangana, India – 500 032, along with the duly filled in form ISR-1 along with the related proofs, available at https://www.hcgoncology.com/ for receiving all communications including annual report, notices, letters etc., in electronic mode from the Company.
10. The voting rights of Members shall be in proportion to their share of the paid-up equity share capital of the Company as on the cut-off date i.e., Friday, September 19, 2025.
11. The result of the e-voting/voting at the AGM shall be declared within two working days of conclusion of the AGM.
12. For queries regarding e-voting:
    a) Shareholders holding shares in physical form and non-individual shareholders may contact Mr. Nageswara Rao, Manager, KFintech at the toll free number 1800-3094-001 or write to them at einward.ris@kfintech.com and evoting@kfintech.com.
    b) Individual shareholders holding shares through NSDL may contact NSDL helpdesk by writing to evoting@nsdl.co.in or call at 022 48867000 or 022 24997000.
    c) Individual shareholders holding shares through CDSL may contact CDSL helpdesk by writing to helpdesk.evoting@cdslindia.com or call toll free no.: 1800 22 5533.
    d) Shareholders who are voting through the facilities provided by their Depository Participants, may contact their respective Depository Participants on their helpline/contact details.

For any query/clarification or assistance required with respect to the Integrated Annual Report for the Financial Year 2024-25 or the Annual General Meeting, members may write to investors@hcgel.com.

For **HealthCare Global Enterprises Limited**
Sd/-
Sunu Manuel
Company Secretary & Compliance Officer

Place: Bengaluru
Date: September 04, 2025

Form No. INC-26
{Pursuant to rule 30 the Companies (Incorporation) Rules, 2014}
BEFORE THE CENTRAL GOVERNMENT, REGIONAL DIRECTOR, EASTERN REGION, KOLKATA

In the matter of sub section(4) of Section 13 of the Companies Act, 2013, and clause (a) of sub rule (5) of Rule 30 of the Companies (Incorporation) Rules, 2014

AND

In the matter of **BELIVE COMMERCIAL PRIVATE LIMITED**
(CIN : U51109WB2005PTC104549)
having its registered office at
75C, Park Street, 3rd Floor, Kolkata, West Bengal-700016
....Applicant Company / Petitioner

Notice is hereby given to the General Public that the Company proposes to make application to the Central Government under section 13 of the Companies Act, 2013 seeking confirmation of alteration of the Memorandum of Association of the Company in terms of the special resolution passed at the Extra Ordinary General Meeting held on **18th August, 2025** to enable the company to change its Registered office from **"State of West Bengal"** to the **"State of Gujarat".**

Any person whose interest is likely to be affected by the proposed change of the registered office of the Company may deliver either on the **MCA-21 portal (www.mca.gov.in) by filing investor complaint form** or cause to be delivered or send by registered post of his/her objections supported by an affidavit stating the nature of his / her interest and grounds of opposition to the **Regional Director, Eastern Region, Ministry of Corporate Affairs, Corporate Bhawan, 6 th Floor, Plot No.- IIIF/16, in AA-IIIF, Rajarhat, New Town, Akandakeshari, Kolkata-700135, West Bengal** within Fourteen days from the date of publication of this notice with a copy to the applicant company at its Registered Office at the address mentioned below :-

75C, Park Street, 3rd Floor, Kolkata, West Bengal-700016

For and on behalf of the Applicant
BELIVE COMMERCIAL PRIVATE LIMITED
Sd/-
VIJAY RAM SHARMA
(Director)
DIN : 02058991
Date : 04.09.2025 | **Place :** Kolkata

BLUE CHIP INDIA LIMITED

CIN : L65991WB1993PLC060597
Regd. Office : 10 Princep Street, 2nd Floor, Kolkata - 700072
E-mail : bluechipindialimited@gmail.com, Website : www.bluechipind.com
Phone : 91-33-4002 2880, Fax :91-33-2237 9053

NOTICE OF 40th ANNUAL GENERAL MEETING (AGM), E-VOTING INFORMATION AND BOOK CLOSURE

Notice is hereby given that:

1. The 40th (Fortieth) Annual General Meeting (AGM) of Members of the Company will be held on Friday, the 26th day of September, 2025 at 2:00 P.M. (IST) through Video Conferencing ("VC")/ Other Audio Visual Means (OAVM"), in compliance with applicable provisions of Companies Act, 2013 and rules made there under, SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, the Secretarial Standard an General Meetings (SS-2) issued by Institute of Company Secretaries of India read with MCA's circulars.
2. Members will be able to attend the meeting only through VC/OAVM and those members participating in the said AGM through VC/OAVM facility shall be reckoned for the purpose of quorum under Section 103 of the Companies Act, 2013.
3. In Compliance with MCA Circulars and SEBI Circular, the Notice of 40th AGM including details and instructions for remote e-voting/e-voting at AGM and Financial Statements including Auditors' Report, Board's Report and related Annexures attached therewith (Collectively referred to as "Annual Report 2024-25" or "Annual Report") have been sent on 03.09.2025, in electronic mode, to all the members whose e-mail ids are registered with the Company's Registrar and Share Transfer Agents (RTA), M/s. Maheshwari Datamatics Pvt Ltd /their respective Depositary Participant(s). This is also in accordance with the provisions of Section 101 of the Companies Act, 2013 read with Rule 18 of the Companies (Management & Administration) Rules, 2014 and Rule 11 of the Companies (Accounts) Rules, 2014.The same are also available on the website of the company at www.bluechipind.com and can also be accessed from the website of Bombay Stock Exchange at www.besindia.com, National Stock Exchange at www.nseindia.com and that of Calcutta Stock Exchange at www.cse-india.com
4. The Register of Members and Share Transfer Books of the Company shall remain closed from Saturday, 20th day of September, 2025 to Friday, 26th day September, 2025 (Both days Inclusive) for the purpose of Annual General Meeting. All members holding shares either in physical form or dematerialized form, as on the cut-off date, Friday, 19th September, 2025 are provided with the facility to cast their vote electronically (e-voting) on the business as set forth in the Notice of the 40th AGM, for which the company has engaged the services of Central Depository Services (India) Ltd as E-Voting agency. Members may cast their votes remotely (Remote-E-voting) or cast votes at the AGM (E-voting), using electronic system provided by CDSL. The facility to cast vote electronically at the AGM (E-voting) will be made available for members attending the AGM who have not cast their vote(s) by remote E-Voting.
5. All the members are informed that
    a. The remote e-voting shall commence on Tuesday, 23rd September, 2025 at 9:00.A.M. (IST)
    b. The remote e-voting shall end on Thursday, 25th September, 2025 at 05:00 P.M(IST).
    c. Remote E-voting will not be allowed beyond the aforesaid date and time and the Remote E-voting module shall be forthwith disabled by CDSL, upon expiry of the aforesaid period.
6. The cut-off date for determining the eligibility to vote by electronic means and to attend the AGM is Friday, 19th September, 2025. Members who have cast vote(s) through Remote E-voting may attend the meeting but will not be entitled to cast their vote(s) at the AGM.
7. Members may note that:
    a) Once the vote on a resolution is cast by the member, the member shall not be allowed to change it subsequently,
    b) The Company has appointed Mr. Atul Kumar Labh, Practicing Company Secretary as the Scrutinizer to scrutinize the voting process in a fair and transparent manner.

ix. In case of any queries, you may refer the Frequently asked Question (FAQs) for Shareholders and e-voting manual available at www.evotingindia.com under help section or write an email to helpdesk.evoting@cdslindia.com or call on toll free no. 1800225533. Members may also write to the Company Secretary at the Company's email address bluechipindialimited@gmail.com.

For **Blue Chip India Limited**
Sd/- **Pooja Bhartia**
Company Secretary

Place : Kolkata
Date : 03.09.2025

Aadhar Housing Finance Ltd.

Aadhar Housing Finance Ltd

Corporate Office : 802, Natraj By Rustomjee, Western Express Highway, Sir M.V. Road, Andheri East, Mumbai-400069, Maharashtra
Patna Branch Office: Office No. - 301 & 302, 3rd Floor, Shyam Centre, Opp. LIC Building, Exhibition Road, Patna - 800001 (Bihar) District - Patna
Burdwan Branch Office: R.S. Plot No. - 47, L.R. Plot No. - 32, Gopal Bhavan, 1st Floor, Holding no. 39, J.L. No. - 75, L.R. KH No. - 4648, Mouza Ichlabad, Ward No. - 10, Burdwan - 713103 (West Bengal) District - Purba Bardhaman
Durgapur Branch Office: Chaitnya Complex, Ground Floor, One Room, Plot No. - CA - 4, phase - II, Bengal Ambuja, City Centre, Durgapur - 713216 (West Bengal) District - Paschim Bardhaman
